গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এপিএ শাখা

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী:**

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মহিউদ্দীন আহমেদ<br>সচিব |
| সভার তারিখ | ০৩ এপ্রিল ২০২৪ খ্রি. |
| সভার সময় | দুপুর ১২:০০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ ও ভার্চুয়াল প্লাটফর্ম |
| উপস্থিতি | সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের তালিকা-পরিশিষ্ট-ক |

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটি'র ৪র্থ সভায় অংশগ্রহণকৃত এ মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার কার্যপত্র অনুযায়ী তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ১১ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করলে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে কার্যবিবরণীটি অনুমোদন করেন।

০৩। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ১১ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরে নৈতিকতা কমিটির ৩য় সভার সিদ্বান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ উপস্থাপন করেন:

| ক্র. নং | বৈঠকের আলোচ্যসূচি | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়ন অগ্রগতির হার |
|---|---|---|---|
| (ক) | 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪' এর অর্ন্তভুক্ত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড নিশ্চিত করতে হবে; | উক্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড নিশ্চিত করা হয়েছে। | ১০০% |
| (খ) | 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪'এর অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ/২০২৪) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও অধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে; | সিদ্ধান্ত মোতাবেক ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ/২০২৪) গৃহীত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% |
| (গ) | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা এর অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়; | উক্ত কার্যক্রম ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়ন করা হবে। | - |
| (ঘ) | যুব উন্নয়ন অধিদপ্তরের রাঙ্গামাটি জেলা অফিসের দাপ্তরিক কার্যক্রমের গুনগত মান যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উক্ত কার্যক্রম ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়ন করা হবে। | - |

০৪। সভাপতি ১১ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অর্ন্তভুক্ত নৈতিকতা কমিটি'র সভার ০২টি সিদ্বান্ত শতভাগ (১০০%) বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং বাকি ০২টি সিদ্ধান্ত ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ/২০২৪) অগ্রগতির তথ্যাদি সভায় উপস্থাপন করেন:

| কার্যক্রম | ৩য় কোয়ার্টার লক্ষমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| [১.১] নৈতিকতা কমিটির সভা আয়োজন | ১ টি | ১ টি (১১-০১-২০২৪) |
| [১.২] নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১১-০১-২০২৪ তারিখের সভায় ৪টি সিদ্ধান্ত ছিলো | ৫০% (সভার ২টি সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে, বাকি ০২টি ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়িত হবে) |
| [১.৩] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ১ টি | ১ টি (২৭-০৩-২০২৪) |
| [১.৪] শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন | ৪৩ | ২য় কোয়ার্টারে অর্জিত হয়েছে |
| [১.৬] আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ৩১-০১-২০২৪ | ৩০-০১-২০২৪ |
| [২.২] অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | ৬০% | ৩৬% |
| [২.৩] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ৬০% | ৩৫.৬৮% |
| [২.৪] প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ১৬টি | ১৬টি |
| [২.৫] প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ২৯-০২-২০২৪ (যে সকল প্রকল্প সমাপ্তির তারিখ ছিলো: ৩১-১২-২০২৩) | ০৫টি প্রকল্প ৩১-১২-২০২৩ এ সমাপ্তির জন্য নির্ধারিত ছিল, যার মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। |
| [৩.২] বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) এর ক্রিকেট/ফুটবলে ছাত্র ভর্তি কার্যক্রম পরীবিক্ষণ | ২০-০৬-২০২৪ | ১১-০২-২০২৪ |

০৫। শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এ (জুলাই/২০২৩-জুন/২০২৪) গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপন করেন এবং এ মন্ত্রণালয়ের সচিব ও নৈতিকতা কমিটির সভাপতি উক্ত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৬। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর মন্ত্রণালয় কর্তৃক ৩০-০৪-২০২৪ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া, মন্ত্রণালয়/বিভাগের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৮ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমে (nis.cabinet.gov.bd) দাখিলপূর্বক স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে মর্মে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় অবহিত করেন।

০৭। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) ‘জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪’ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড নিশ্চিত করতে হবে;
খ) ‘জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪’ এর ৪র্থ কোয়ার্টারে (এপ্রিল-জুন/২০২৪) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও অধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;
গ) ক্রীড়া পরিদপ্তর, ঢাকা এর অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়;
ঘ) বিকেএসপি'র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রামু, কক্সবাজার এর প্রশিক্ষণ কার্যক্রমের গুনগত মান যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮। সভায় আর কোন আলোচানা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মহিউদ্দীন আহমেদ
সচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫২.০৫.০০২.২৩.২৫

তারিখ: ২১ চৈত্র ১৪৩০
০৪ এপ্রিল ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
২) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৩) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
৪) যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৫) যুগ্মসচিব (সংযুক্ত), প্রশাসনিক সংস্কার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
৬) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
৭) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা
৮) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সভার, ঢাক
৯) সচিব, বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা
১০) উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১২) সিনিয়র সহকারী সচিব(সকল)/সহকারী সচিব(সকল)/সহকারী প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৩) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়



মোঃ ফজলে এলাহী
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)